গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৬৭/২০১৯-২০২০
ঢাকা ১৩ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ২০২০, ৩০ মাঘ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। মুজিববর্ষে দেশের প্রতিটি ঘর আলোকিত হবে :
ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
শতভাগ বিদ্যুতের আলোয় ৪১০ উপজেলা
২। পাবলিক বিশ্ববিদ্যালয়ের সান্ধ্য কোর্সের বিষয়ে ব্যবস্থা নেয়া হবে : সংসদে প্রধানমন্ত্রী
৩। মেট্রোরেল উদ্বোধন আগামী বছরের ডিসেম্বরে : সংসদে সেতুমন্ত্রী
৪। নারায়ণগঞ্জ-জয়দেবপুর লেভেল ক্রসিংয়ে আন্ডারপাস ও ওভারপাস হবে : সংসদে রেলমন্ত্রী
৫। সংসদে বাতিঘর বিল পাস
৬। মুজিববর্ষ উদযাপনে বর্ষব্যাপী পরিকল্পনা নিয়েছে জাতীয় সংসদ : স্পিকার
৭। মুজিববর্ষে বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তুলতে হবে : গোপালগঞ্জে সেতুমন্ত্রী
৮। বিরাজনীতিকরণের প্রচেষ্টা এখনও অব্যাহত রয়েছে : তথ্যমন্ত্রী
৯। দেশে ফেরা বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ চ্যাম্পিয়ন দলকে বিসিবির সংবর্ধনা :
আগামী সপ্তাহে সংবর্ধনা দেবেন প্রধানমন্ত্রী
১০। করোনাভাইরাস নিয়ে আতঙ্ক নয়, চিকিৎসার সব ব্যবস্থা আছে : স্বাস্থ্যমন্ত্রী
১১। চীনে করোনাভাইরাস বিস্তারের ফলে দেশীয় চামড়াশিল্প যাতে ক্ষতিগ্রস্থ না হয়
সেজন্য সরকার বিকল্প বাজার অনুসন্ধান করছে : শিল্পমন্ত্রী
সরকারি উদ্যোগে সংরক্ষণ হবে কোরবানির চামড়া : টাস্কফোর্সের সিদ্ধান্ত
১২। তাপমাত্রা বেড়ে গেলেই করোনাভাইরাস অকার্যকর হয়ে যাবে : বিমান প্রতিমন্ত্রী
১৩। বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে সৌদি আরবের প্রতি আহ্বান অর্থমন্ত্রীর
১৪। সৌদি আরব থেকে রোহিঙ্গা পরিচয়ে বাংলাদেশে কেউ ফেরত আসেনি : পররাষ্ট্রমন্ত্রী
১৫। কৃষকদের কাছ থেকে ক্রয় করা ধান সঠিকভাবে গুদামজাত করে
বিশ্ব বাজারে বিক্রির চিন্তা করছে সরকার : বরিশালে খাদ্যমন্ত্রী
১৬। দেশে সরকারি পাটকলের সংখ্যা ২৩টি : সংসদে পাটমন্ত্রী
১৭। দুবাইয়ে পরিবেশবান্ধব ব্লক তৈরির প্ল্যান্ট পরিদর্শনে গণপূর্তমন্ত্রী
১৮। বিশ্ব বেতার দিবস আজ

**১। মুজিববর্ষে দেশের প্রতিটি ঘর আলোকিত হবে :**
**ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**
**শতভাগ বিদ্যুতের আলোয় ৪১০ উপজেলা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, আজ থেকে বাংলাদেশের ৪১০টি উপজেলা শতভাগ বিদ্যুতায়িত হলো। মুজিববর্ষের মধ্যে দেশের সব মানুষকে বিদ্যুতের আওতায় আনার মাধ্যমে প্রতিটি ঘরকে আলোকিত করা হবে। কোনো ঘর অন্ধকার থাকবে না। এ লক্ষ্যে নিয়েই আমরা কাজ করে যাচ্ছি। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সাতটি জেলা ও ২৩টি উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন এবং ফেনীতে ১১৪ মেগাওয়াট বিদ্যুৎ কেন্দ্রসহ পাঁচটি প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। বর্তমানে বাংলাদেশের আটটি বিভাগের ৬৪টি জেলায় মোট ৪৯২টি উপজেলা রয়েছে। ফলে শতভাগ বিদ্যুতায়নের আওতায় আসতে বাকি আছে ৮২টি উপজেলা। সূত্র- **ইত্তেফাক** (পৃ.৩,ক.১),

**২। পাবলিক বিশ্ববিদ্যালয়ের সান্ধ্য কোর্সের বিষয়ে ব্যবস্থা নেয়া হবে : সংসদে প্রধানমন্ত্রী**

পাবলিক বিশ্ববিদ্যালয়ের সান্ধ্য কোর্স নিয়ে যথাযথ ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে তিনি এ কথা জানান। প্রধানমন্ত্রী বলেন, একসময় শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় অনেক বেশি সেশনজট ছিল—যে কারণে দুই শিফটে পড়ানো বা সান্ধ্য কোর্সে পড়ানোর ব্যবস্থা করা হয়েছিল। এখন সারা দেশে বিশ্ববিদ্যালয় করছি, কলেজ করছি, শিক্ষার প্রসার ঘটছে। পাবলিক বিশ্ববিদ্যালয়ের সান্ধ্য কোর্স বন্ধের ব্যাপারে যাতে যথাযথ ব্যবস্থা নেয়া হয়, সেটা আমরা দেখছি। তবে এজন্য আইন করার প্রয়োজন নেই। সূত্র- **বণিকবার্তা** (পৃ.২,ক.১),

**৩। মেট্রোরেল উদ্বোধন আগামী বছরের ডিসেম্বরে : সংসদে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, নির্ধারিত সময়ের আড়াই বছর আগেই উত্তরা থেকে মতিঝিল পর্যন্ত দেশের প্রথম মেট্রোরেল উদ্বোধন করা হবে আগামী বছরের ১৬ ডিসেম্বর। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) সংসদে প্রশ্নোত্তরে তিনি এ কথা জানান। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের যাতায়াতের জন্য প্রধানমন্ত্রী এ পর্যন্ত বিআরটিসির ৫২টি বাস অনুদান হিসেবে বরাদ্দ দিয়েছেন। অপর এক প্রশ্নের জবাবে তিনি আরো বলেন, ফরিদপুর-বরিশাল মহাসড়ককে চার লেনে উন্নীত করতে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) অর্থায়নের প্রাথমিক সম্মতি দিয়েছে। বর্তমানে নকশা মূল্যায়নের কাজ চলছে। এছাড়া ফরিদপুর-ভাঙ্গা-বরিশাল-কুয়াকাটা মহাসড়ককে চার লেনে উন্নীত করতে ভূমি অধিগ্রহণের কার্যক্রম শুরু হয়েছে বলেও জানান তিনি । **সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬), সংবাদ ( শেষ পৃ,ক.৪), ফিনানশিয়াল এক্সপ্রেস (পৃ.২,ক.১) ।**

**৪। নারায়ণগঞ্জ-জয়দেবপুর লেভেল ক্রসিংয়ে আন্ডারপাস ও ওভারপাস হবে : সংসদে রেলমন্ত্রী**

রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বলেছেন, নারায়ণগঞ্জ থেকে জয়দেবপুর পর্যন্ত লেভেল ক্রসিং গেটে আন্ডারপাস বা ওভারপাস নির্মাণ করা হবে। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র- **সংবাদ** (পৃ.২,ক.৭), **যুগান্তর** (পৃ.১৬,ক.২)।

**৫। সংসদে বাতিঘর বিল পাস**

জাতীয় সংসদে 'বাংলাদেশ বাতিঘর বিল-২০২০' নামে একটি বিল পাস হয়েছে। নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী সংসদে বিলটি পাসের প্রস্তাব করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫), **ফিনানশিয়াল এক্সপেস** (পৃ.২,ক.৪)।

**৬। মুজিববর্ষ উদযাপনে বর্ষব্যাপী পরিকল্পনা নিয়েছে জাতীয় সংসদ : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করার লক্ষ্যে জাতীয় সংসদের পক্ষ থেকে বর্ষব্যাপী কর্মপরিকল্পনা নেওয়া হয়েছে। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) সংসদের শপথকক্ষে মুজিববর্ষ উদ্‌যাপনে অনুষ্ঠানমালা তুলে ধরা নিয়ে সভায় তিনি এ কথা জানান। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৫)।

**৭। মুজিববর্ষে বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তুলতে হবে : গোপালগঞ্জে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মুজিববর্ষে সাম্প্রদায়িকতার বিষবৃক্ষ উৎপাটন করে বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়ে তুলতে হবে। মুজিববর্ষে আওয়ামী লীগকে আগাছা, পরগাছামুক্ত করা হবে। আওয়ামী লীগের দুর্দিনের ত্যাগী সংগঠকরাই নেতা হবেন। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) গোপালগঞ্জের কোটালীপাড়া উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **যুগান্তর** ( শেষ পৃ,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

৮। **বিরাজনীতিকরণের প্রচেষ্টা এখনও অব্যাহত রয়েছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, ওয়ান-ইলেভেনের মাধ্যমে বিরাজনীতিকরণের প্রচেষ্টা করা হয়েছিল। এর মাধ্যমে প্রচেষ্টা ছিল রাজনীতিকদের জনসম্মুখে হেয় প্রতিপন্ন করা, বিরাজনীতিকরণ করা, মানুষকে রাজনীতিবিমুখ করা, কিন্তু এ প্রচেষ্টা সফল হয়নি। তবে এখনও বিরাজনীতিকরণের প্রচেষ্টা অব্যাহত রয়েছে। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় প্রেসক্লাবে অধ্যাপক ডা. সৈয়দ মোদাচ্ছের আলীর লেখা 'আমার দেখা ওয়ান ইলেভেন' গ্রন্থের প্রকাশনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** ( শেষ পৃ,ক.২)।

৯। **দেশে ফেরা বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ চ্যাম্পিয়ন দলকে বিসিবির সংবর্ধনা :**
**আগামী সপ্তাহে সংবর্ধনা দেবেন প্রধানমন্ত্রী**

দক্ষিণ আফ্রিকার পচেফস্ট্রুমে গত ৯ ফেব্রুয়ারি রোববার অনূর্ধ্ব-১৯ বিশ্বকাপের ফাইনালে ভারতকে হারিয়ে শিরোপা জেতে বাংলাদেশ। প্রথমবারের মতো দেশকে বিশ্বকাপ শিরোপা উপহার দেয়া বাংলাদেশ দল দেশে ফিরেছে গতকাল। যুবা ক্রিকেটারদের বীরোচিত সংবর্ধনা দিয়ে বরণ করে নেয় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। সংবাদ সম্মেলনে বিসিবি সভাপতি নাজমুল হাসান পাপন জানিয়েছেন, ২০১৭ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট জয়ের পরই প্রধানমন্ত্রী শেখ হাসিনা একটি কাপ দেখতে চেয়েছিলেন। প্রধানমন্ত্রীর সে আশা এবার পূরণ হয়েছে। এ অনূর্ধ্ব-১৯ দলটাকে নিয়ে দ্রুততম সময়ে বিশেষ অনূর্ধ্ব-২১ ইউনিট গঠন করা হবে। দুই বছর মেয়াদি হবে অনূর্ধ্ব-২১ ইউনিট। এ দুই বছর দলের সব সদস্যকে ১ লাখ টাকা করে দেবে বিসিবি। বিদেশ সফরের ব্যবস্থাও করবে বিসিবি। আগামী সপ্তাহে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংবর্ধনা দেবেন বিশ্ব চ্যাম্পিয়নদের। সূত্র-**যুগান্তর** (পৃ.১০,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

১০। **করোনাভাইরাস নিয়ে আতঙ্ক নয়, চিকিৎসার সব ব্যবস্থা আছে : স্বাস্থ্যমন্ত্রী**

সংক্রামক ব্যাধি করোনাভাইরাস নিয়ে আতঙ্কিত না হতে সর্বসাধারণের প্রতি আহ্বান জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, এ ভাইরাস নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই। এটি প্রতিরোধ ও প্রতিকারের সব ব্যবস্থা সরকার নিয়েছে। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) অনুষ্ঠিত হেলথ ক্যাম্পের উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-সমকাল (পৃ.৫,ক.১), ইত্তেফাক ( শেষ পৃ,ক.২), নিউজ টুডে ( শেষ পৃ,ক.৫)।

১১। **চীনে করোনাভাইরাস বিস্তারের ফলে দেশীয় চামড়াশিল্প যাতে ক্ষতিগ্রস্থ না হয়**
**সেজন্য সরকার বিকল্প বাজার অনুসন্ধান করছে : শিল্পমন্ত্রী**
**সরকারি উদ্যোগে সংরক্ষণ হবে কোরবানির চামড়া : টাস্কফোর্সের সিদ্ধান্ত**

ব্যবসায়ী ও ট্যানারি মালিকরা আড়তদারদের কাছ থেকে যথাসময়ে কোরবানির চামড়া না কিনলে সেগুলো সরকারি উদ্যোগে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন গুদামে নূন্যতম তিন মাস সংরক্ষণের ব্যবস্থা করা হবে। এ ছাড়া চামড়া সংরক্ষণের জন্য কওমি মাদ্রাসাগুলোকে প্রস্তুত রাখা হবে। এজন্য ভর্তুকি দেওয়া হবে। গত ঈদুল আজহায় কোরবানির চামড়া নিয়ে তিক্ত অভিজ্ঞতার কারণে এসব সিদ্ধান্ত নিয়েছে চামড়াশিল্পের উন্নয়নে সুপারিশ ও কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য গঠিত টাস্কফোর্স। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) শিল্প মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে টাস্কফোর্সের প্রথম সভা অনুষ্ঠিত হয়। শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ুনের সভাপতিত্বে অনুষ্ঠানে বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী শাহাব উদ্দিন এবং শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদার উপস্থিত ছিলেন। বৈঠকে শিল্পমন্ত্রী বলেন, চীনে করোনাভাইরাস বিস্তারের ফলে দেশীয় চামড়াশিল্প যাতে ক্ষতিগ্রস্থ না হয় সেজন্য সরকার বিকল্প বাজার অনুসন্ধান করছে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৪,ক.১), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

১২। **তাপমাত্রা বেড়ে গেলেই করোনাভাইরাস অকার্যকর হয়ে যাবে : বিমান প্রতিমন্ত্রী**

করোনাভাইরাস নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই। কয়েক দিন পর ৩২ থেকে ৩৫ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা বেড়ে গেলে এমনিতেই এ ভাইরাস অকার্যকর হয়ে যাবে। তারপরও মন্ত্রণালয় ও সিভিল এভিয়েশন করোনাভাইরাস ঠেকাতে সব ধরনের ব্যবস্থা নিয়েছে। বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী এ্যাডভোকেট মোঃ মাহবুব আলী এ তথ্য জানান। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে মন্ত্রণালয়ের সভাকক্ষে পর্যটনের প্রসারে বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় প্রকাশিত ট্রাভেল ম্যাগাজিন 'বিউটিফুল বাংলাদেশ' এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন । সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.৪,ক.২)।

**১৩। বাংলাদেশে বিনিয়োগ বাড়াতে সৌদি আরবের প্রতি আহ্বান অর্থমন্ত্রীর**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, সৌদি আরবের সঙ্গে দ্বিপক্ষীয় সম্পর্ক গত অর্ধশতাব্দীতে বন্ধুত্বে রূপান্তরিত হয়েছে। বাংলাদেশ এখন বন্ধুত্বের উর্ধ্বে ‘টেকসই উন্নয়নের জন্য কার্যকর অংশীদারিত্ব’ ধরে রাখার দিকে নজর দিচ্ছে। বাংলাদেশ তার দ্বিপক্ষীয় বন্ধুদেশ ও উন্নয়ন সহযোগীদের কাছ থেকে অব্যাহত ও বর্ধিত সমর্থন প্রত্যাশা করছে। একইসঙ্গে বাংলাদেশে সৌদি আরবের বিনিয়োগ আরো বাড়ানোর আহ্বান জানিয়েছেন তিনি। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর শেরেবাংলানগরে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে বাংলাদেশ-সৌদি আরব যৌথ কমিশনের প্রতিনিধিরা অর্থমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় অর্থমন্ত্রী এসব কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ.,ক.১), **ফিনাশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**১৪। সৌদি আরব থেকে রোহিঙ্গা পরিচয়ে বাংলাদেশে কেউ ফেরত আসেনি : পররাষ্ট্রমন্ত্রী**

সৌদি আরব বা অন্য দেশ থেকে রোহিঙ্গা পরিচয়ে বাংলাদেশে কোনো ব্যক্তি ফেরত আসেনি বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় 'বিমসটেক ট্র্যাডিশনাল হেলথ কেয়ার-২০২০' এর উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। এদিকে আগামীকাল ১৪ ফেব্রুয়ারি শুক্রবার ভাসানচর পরিদর্শনে যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী। সূত্র- সমকাল (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**১৫। কৃষকদের কাছ থেকে ক্রয় করা ধান সঠিকভাবে গুদামজাত করে**
**বিশ্ব বাজারে বিক্রির চিন্তা করছে সরকার : বরিশালে খাদ্যমন্ত্রী**

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, এই প্রথম অ্যাপসের মাধ্যমে সরাসরি কৃষকের কাছ থেকে আমন ধান সংগ্রহ চলছে। এতে প্রান্তিক চাষীরা লাভবান হচ্ছে। তবে প্রথমবারের এ সংগ্রহ চলাকালে যে সমস্যা চিহ্নিত করা হয়েছে তা থেকে শিক্ষা নিতে হবে। তিনি কৃষি কর্মকর্তা ও খাদ্য কর্মকর্তাদের উদ্দেশে বলেন, কৃষকরা হয়রানির শিকার হলে কঠোর ব্যবস্থা নেয়া হবে। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) আমন সংগ্রহ ২০১৯-২০ উপলক্ষে বরিশাল জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। খাদ্যমন্ত্রী বলেন, কৃষকদের কাছ থেকে ক্রয় করা ধান সঠিকভাবে গুদামজাত করে বিশ্ব বাজারে বিক্রির চিন্তা করছে সরকার। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক১)।

**১৬। দেশে সরকারি পাটকলের সংখ্যা ২৩টি : সংসদে পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী সংসদকে জানান, দেশে সরকারি পাটকলের সংখ্যা ২৩টি। এর মধ্যে একটি পাটকল মামলাজনিত কারণে বন্ধ আছে। হস্তান্তর চুক্তির শর্ত ভঙ্গের কারণে সরকার ছয়টি পাটকল পুনঃগ্রহণ করেছে। এ ছয়টির মধ্যে আবার পাঁচটির বিষয়ে আদালতের স্থিতাবস্থা রয়েছে। অন্যটি নিয়ে আদালতে মামলা চলমান। নতুন করে পাটকল চালুর পরিকল্পনা সরকারের নেই। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.১৫,ক.২)।

**১৭। দুবাইয়ে পরিবেশবান্ধব ব্লক তৈরির প্ল্যান্ট পরিদর্শনে গণপূর্তমন্ত্রী**

সংযুক্ত আরব আমিরাতের রাজধানী দুবাইয়ে পরিবেশবান্ধব অটোক্লেভড অ্যারেটেড কনক্রিট ব্লক তৈরির প্ল্যান্ট পরিদর্শন করেছেন গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম। গতকাল (১২ ফেব্রুয়ারি বুধবার) জাপানি প্রতিষ্ঠান মাসাহের আমন্ত্রণে দুবাই শিল্প এলাকায় মন্ত্রী এ পরিদর্শনে অংশগ্রহণ করেন। এ সময় গণপূর্তমন্ত্রী বলেন, বর্তমান সরকারের লক্ষ্য পরিকল্পিত নগরায়ণ এবং নিরাপদ, সাশ্রয়ী ও পরিবেশবান্ধব আবাসন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভবন নির্মাণের ক্ষেত্রে পরিবেশ রক্ষায় সর্বোচ্চ গুরুত্ব দেওয়ার নির্দেশনা প্রদান করেছেন। এজন্য ভবন নির্মাণে ইটের বিকল্প হিসেবে পরিবেশবান্ধব ও ব্যয়সাশ্রয়ী ব্লক ব্যবহার করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এরই অংশ হিসেবে ব্লক তৈরির প্রযুক্তি ও পদ্ধতিগত অভিজ্ঞতা বিনিময়ের জন্য এ পরিদর্শন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.২,ক.২),

**১৮। বিশ্ব বেতার দিবস আজ**

আজ ১৩ ফেব্রুয়ারি বৃহস্পতিবার বিশ্ব বেতার বিদস। জাতিসংঘের আহ্বানে ২০২১ সাল থেকে এ দিবসটি বিশ্বব্যাপী পালন করা হচ্ছে। তথ্য মন্ত্রণালয় দিবসটি পালনে পৃষ্ঠপোষকতা দিচ্ছে। এবার বিশ্ব বেতার দিবসের মূল প্রতিপাদ্য ‘বেতার ও বৈচিত্র্য’। এ বছর বিশ্ব বেতার দিবস পালন উপলক্ষে রাজধানীর শেরেবাংলানগরে বেতার সদর দপ্তরে দিনব্যাপী অনুষ্ঠামালার আয়োজন করা হয়েছে। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। আরো উপস্থিত থাকবেন তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান এবং তথ্য সচিব কামরুন নাহার। সূত্র-সমকাল (পৃ.২,ক.৭),

## সম্পাদকীয়

**ক.** **যায়যায়দিন :** পদ্মাসেতুর ২৪তম স্প্যান বসানোর মধ্য দিয়ে সেতুর ৩ হাজার ৬০০ মিটার দৃশ্যমান হয়েছে উল্লেখ করে যথাসময়ে সেতুর কাজ শেষ হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল, যায়যায়দিন, ভোরের কাগজ, সংবাদ :** বঙ্গোপসাগরে ট্রলারডুবিতে ১৫ জন রোহিঙ্গা নিহত হয়েছে উল্লেখ করে অবৈধ উপায়ে বিদেশ গমন রোধে সংশ্লিষ্টদের কঠোর হওয়ার সুপারিশ।

**গ.** **ইত্তেফাক :** বাংলাদেশে যারা ইন্টারনেট ব্যবহার করে তাদের মধ্যে ৮০ শতাংশ মানুষের রয়েছে ফেসবুক অ্যাকাউন্ট উল্লেখ করে ফেসবুক ব্যবহারের ক্ষেত্রে সচেতনতার আহ্বান।

**ঘ.** **বণিক বার্তা** : গত বছরের আগস্ট পর্যন্ত বাংলাদেশে ২৩ হাজার ৮৫৪ বিদেশির ওয়ার্ক পারমিট থাকলেও ২০১৮-১৯ অর্থবছরে আয়কর দিয়েছে মাত্র সাড়ে নয় হাজার বিদেশি নাগরিক উল্লেখ করে বিদেশি নাগরিকদের এ কর ফাঁকি রোধে সরকারি নজরদারি ও সংশ্লিষ্ট টাস্কফোর্সের সক্রিয়তা বাড়ানোর সুপারিশ।

**ঙ.** **যুগান্তর** : ব্যাংক কোম্পানি আইন সংশোধনের খসড়া প্রায় চূড়ান্ত হওয়ার বিষয়টি ইতিবাচক উল্লেখ করে অনিয়ম ও দুর্নীতিমুক্ত ব্যাংকিং ব্যবস্থা গড়ে তুলতে আইনের খসড়া দ্রুত চূড়ান্ত করে তা যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**চ.** **এশিয়ান এজ** : দেশের উন্নয়নের স্বার্থে শিক্ষা খাতে বরাদ্দ বাড়ানোর পরামর্শ ।

**ছ.** **নিউ নেশন :** সড়ক দুর্ঘটনা বেড়েই চলছে উল্লেখ করে সড়কে শৃঙ্খলা ফেরাতে সর্বাত্মক প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ।

## উপ-সম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলা ভাষার শুদ্ধ উচ্চারণ, সঠিক ব্যবহার ও প্রয়োগ এবং সঠিক বানান রীতির ওপর বাঙালি হিসেবে সব বাঙালিকে অপরিহার্যভাবে যত্নবান হতে হবে।

## নিবন্ধ ও ফিচারেই

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'বাড়ছে প্লাস্টিকের চাহিদা নেতিবাচক প্রভাব পড়ছে পরিবেশে'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, প্লাস্টিক বর্জ্য যেন মহামারি আকার ধারণ করতে না পারে তাই এখন থেকেই দূষণ নিয়ন্ত্রণে এগিয়ে আসতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা